# মার্কিন সেনা হত্যায় ৩০ হাজার ডলার পুরস্কার ঘোষণা তেহরানের



ছবি: সংগৃহীত

মার্কিন সামরিক সদস্যকে হত্যা বা আটক করতে পারলে ৩০ হাজার ডলার পুরস্কার দেওয়ার ঘোষণা দিয়েছে ইরান। দেশটির ইসলামি প্রজাতন্ত্রের সেনাবাহিনীর কমান্ডার-ইন-চিফ মেজর জেনারেল আমির হাতামি এ ঘোষণা দিয়েছেন।

রোববার (১৬ আগস্ট) দেওয়া এক বক্তব্যে তিনি জানান, পুরস্কারের অর্থ আসবে ইরানের জনগণের কাছ থেকে। আগ্রাসনকারী হিসেবে বিবেচিত কোনো মার্কিন সামরিক সদস্যকে আটক বা হত্যা করতে সক্ষম হলে ইরানি বাহিনীর সংশ্লিষ্ট সদস্যদের এই অর্থ দেওয়া হবে।

জেনারেল হাতামি বলেন, জনগণের অংশগ্রহণে এই পুরস্কার কর্মসূচি পরিচালিত হবে। সফলভাবে মার্কিন কোনো সেনাকে আটক বা হত্যা করতে পারলেই ৩০ হাজার ডলার পাওয়ার সুযোগ থাকবে।

ওয়ানা নিউজ এজেন্সির প্রতিবেদনে তার বক্তব্যের বরাত দিয়ে এসব তথ্য জানানো হয়েছে।

LENS ASIA